

## প্রশ্ন ফাঁসের পক্ষে প্রমাণ দিতে পারেনি অভিযোগকারীরা

বিএমএ'র প্রতিবেদন প্রকাশ

### ■ বিশেষ প্রতিনিধি

২০১৫-১৬ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত মেডিক্যাল ও ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগের সত্যতা যাচাইয়ের জন্য বাংলাদেশ মেডিকেল সার্ভিসেসিয়েন্সের (বিএমএর) আহবানে অভিযোগকারীরা যোগাযোগ করলেও প্রশ্নপত্র ফাঁসের প্রমাণ হাজির করতে পারেনি। বিএমএ দুই দুফা সময় রাডালেও অভিযোগকারীরা ও তাদের অভিভাবকরা বিএমএ'র কাছে কোন প্রমাণ দিতে পারেনি।

বিএমএ গতকাল রবিবার এ সংক্রান্ত একটি প্রতিবেদন প্রকাশ করেছে। প্রতিবেদনে বলা হয়েছে ১৯ অক্টোবর অভিভাবক ও শিক্ষার্থীদের সঙ্গে বিএমএ সভা করে তাদের অভিযোগের প্রশ্নপত্র ২০ অক্টোবর রাত ৮টার মধ্যে জমা দিতে বলে। এ সময়ে শিক্ষার্থীরা পৃষ্ঠা ২ কলাম ৬

## প্রশ্ন ফাঁসের পক্ষে

২০ পৃষ্ঠার পর

প্রমাণ হাজির কতে না পেরে সময় চাইলে বিএমএ আরো ২৪ ঘণ্টা সময় বাড়িয়ে দেয়। কিন্তু সে সময়ের মধ্যেও তারা প্রমাণ হাজির করতে পারেনি।

বিএমএ আরো বলেছে, মেডিক্যাল ভর্তি পরীক্ষায় অনিয়ম ও প্রশ্নপত্র ফাঁসের সুনির্দিষ্ট তথ্য প্রমাণ আছে মর্মে অভিযোগ এনে যে সকল শিক্ষার্থী ও অভিভাবক দীর্ঘ একমাস আন্দোলন করেছেন ও সুষ্ঠু তদন্তের জন্য বিএমএর হস্তক্ষেপ কামনা করেছেন, তারাই অভিযোগের পক্ষে কোন দালিলিক প্রমাণ দাখিল করতে পারেনি। তাই বলা যায়, মেডিক্যাল ভর্তি পরীক্ষায় অনিয়ম ও প্রশ্নপত্র ফাঁস হওয়াকে কেন্দ্র করে যে আন্দোলন হয়েছে বা হচ্ছে তার কোন নৈতিক ও সুনির্দিষ্ট ভিত্তি নাই।